

আপনজন

বার্তা

সংখ্যা: ১ ০ অক্টোবর - ডিসেম্বর ২০১২

আপনজনের সাথে বাংলাদেশ সরকার

চুক্তি হল লাল তীর আর রহিম আফরোজের সাথে

মমতাজ বেগম: নিরলস মাঠকর্মী

মাঠের কথা

বুস্টার কর্মশালা

আপনজনের বর্তমান

এম-হেলথ সামিট ২০১২

কমিউনিটি এজেন্টদের
অবদানের স্বীকৃতি

টিভিসি শ্যুটিং

ব্র্যাক সিডিএমএ রিট্রিট

টেকিং এম হেলথ টু স্কেল
হোয়াট ম্যাটার্স





১৬ ২২ ৭ এখন দেশব্যাপী!

১৮ ডিসেম্বর ২০১২। আপনজন সেবা চালু হল সারা দেশে আর সেই সাথে বাংলাদেশে শুরু হল মোবাইল ফোন ভিত্তিক স্বাস্থ্যসেবার জাতীয় পর্যায়ে প্রথম কার্যক্রম। বিকেল থেকেই ঢাকার ওসমানী মিলনায়তন কানায় কানায় ভরে গিয়েছিল সহযোগী প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি, স্বাস্থ্য ও তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে কর্মরত প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি ও শুভানুধ্যায়ীর উপস্থিতিতে। অবশেষে এল সেই প্রতীক্ষিত মুহূর্ত। মঞ্চে উঠে এলেন সাহিদা বেগম-তিনি একজন গর্ভবতী নারী। তাঁকে ১৬ ২২ ৭ নম্বরে ডায়াল করে নিবন্ধন করেন মাননীয় মন্ত্রী। এখন সাহিদা প্রতি সপ্তাহে ২টি করে স্বাস্থ্যতথ্য পাচ্ছেন।

আপনজনের উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডাঃ এ এফ এম রুহুল হক এবং ইউ এস এ আইডির মিশন ডিরেক্টর রিচার্ড গ্রীন। অনুষ্ঠানের অন্যান্য অতিথিদের মাঝে উপস্থিত ছিলেন মোবাইল অ্যালায়েন্স ফর ম্যাটারনাল অ্যাকশন (মামা)র আন্তর্জাতিক পরিচালক কাস্টেন গ্যা'নোর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ হুমায়ূন কবীর, সরকারী উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ এবং জাতীয়-আন্তর্জাতিক ও কর্পোরেট সহযোগী প্রতিষ্ঠানসমূহের মুখপাত্রবৃন্দ।



“আপনজন চায় অন্যান্য স্বাস্থ্যসেবাগুলোর সাথে সম্পৃক্ত হতে বিশেষভাবে বাংলাদেশ সরকার পরিচালিত সেবাসমূহ যা মা ও শিশু স্বাস্থ্যের উন্নয়নের জন্য কাজ করে আসছে”- ইউ এস এ আই ডি এর মিশন ডিরেক্টর রিচার্ড গ্রীন।



ড. অনন্য রায়হান তুলে ধরেন আপনজনের পথযাত্রা। অনুষ্ঠানের দ্বিতীয় অংশে আয়োজন করা হয় প্রেস ব্রিফিং। “আমরা একসময় ভাবতেই পারিনি ১৬২২৭ নম্বরের মত একটি নম্বর থাকবে যেখানে ফোন করলেই শোনা যাবে মা ও শিশু স্বাস্থ্যের জন্য গুরুত্বপূর্ণ তথ্য যা তাদেরকে বিভিন্ন ঝুঁকি থেকে রক্ষা করবে, কিন্তু এখন তা সম্ভব হচ্ছে”- মাননীয় মন্ত্রী ডাঃ এ এফ এম রুহুল হক।



মোবাইল ফোনের মাধ্যমে গর্ভবতী ও নতুন মায়ের স্বাস্থ্য-পরামর্শ সেবা রেজিস্ট্রেশন করতে কল করুন ১৬২২৭-এ

আপনজনের শুভাকাজী

চুক্তি হল লাল তীর আর রহিমআফরোজ এর সাথে



ফ্লোরি, ওপিএইচএনই/ইউ এস এ আই ডি এর প্রজেক্ট ম্যানেজমেন্ট স্পেশালিস্ট ডাঃ উম্মে সালমা জাহান মীনা এবং আপনজনের চিফ টেকনিক্যাল অফিসার ও ডি নেটের নির্বাহী পরিচালক ড. অনন্য রায়হান। এছাড়াও বিশেষ অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন- আমেরিকান চেম্বার ও কমার্স ইন বাংলাদেশের প্রেসিডেন্ট আফতাব উল ইসলাম, রহিমআফরোজ বাংলাদেশের গ্রুপ ডিরেক্টর নিয়াজ রহিম, মাল্টিমোড গ্রুপ লিমিটেডের ডিরেক্টর নাসরিন ফাতেমা আওয়াল, লাল তীর সীড লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর মাহবুব আনাম।

ঢাকার ওয়েস্টিন হোটেলে আপনজনের সাথে চুক্তি হল রহিমআফরোজ সুপারস্টোর লিমিটেড এবং লাল তীর সীড লিমিটেডের সাথে। গত ১৭ ডিসেম্বর, ২০১২ এক অনুষ্ঠানে এই চুক্তি স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোবাইল অ্যালায়েন্স ফর ম্যাটারন অ্যাকশন (মামা) এর গ্লোবাল ডিরেক্টর কারস্টেন গ্যা'নেয়ার, ওপিএইচএনই/ইউ এস এ আই ডি এর ডেপুটি ডিরেক্টর এটিএন লেবেইলী, ইউ এস এ আই ডি এর গ্লোবাল হেলথ ব্যুরো- এর প্রাইভেট সেক্টর স্পেশালিস্ট ক্যারোলাইন

সেন্টার ফর জাকাত ম্যানেজমেন্ট এর ডিজিএম জাকারিয়া আহমেদ এবং গ্ল্যাক্সোস্মিথক্লাইন বাংলাদেশের ম্যানেজার কমিউনিকেশন রহমান আহমেদ।

রহিমআফরোজ সুপারস্টোর লিমিটেডের সাথে চুক্তির মাধ্যমে আগোরার সব আউটলেটে আপনজনের বিশেষ প্যাকেজ “স্পঞ্জর এ মাদার” পাওয়া যাবে। এ প্যাকেজটিতে থাকবে গিফট সামগ্রী যা কেনার মাধ্যমে ক্রেতা বাংলাদেশের একজন দুস্থ মাকে আপনজন সেবা তার গর্ভাবস্থা হতে শিশুর ১ বছর বয়স পর্যন্ত বিনামূল্যে পেতে সাহায্য করবেন।



অপরদিকে লালতীর সীড লিমিটেড তাদের ক্যালেন্ডার, লিফলেট, ব্যানার, পখনাটক ইত্যাদি প্রচারমাধ্যমে আপনজনের কথা ছড়িয়ে দেবেন কৃষক সমাজে যাতে তাঁরা অন্তর্ভুক্ত হন এই সেবায়।

www.aponjon.com.bd/sponsor-mother

আপনজনের সাথে বাংলাদেশ সরকার

আপনজনের উদ্দেশ্য মোবাইল ফোনের মাধ্যমে মাতৃ ও শিশু মৃত্যু হার রোধ করা যা কিনা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের “ডিজিটাল বাংলাদেশ” প্রকল্প এবং মা ও শিশুর স্বাস্থ্য লক্ষ্যমাত্রা অর্জনের অভিপ্রায়ের সাথে সম্পৃক্ত। আপনজন ২০১১ সাল হতে শুরু করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রকল্প এক্সেস টু ইনফর্মেশন এবং বিটি আরসির সহায়তা ও আন্তরিকতা পেয়ে আসছে। স্বার্থ সংশ্লিষ্ট

সমস্বয়ে “আপনজন টেকনিক্যাল কমিটি অন কন্টেন্ট” গঠনে ডিজিএইচএস, ডিজিএফপি, আইপিএইচএন, আইএমসিআই এবং বিএইচই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। মোবাইল ফোন কোম্পানীগুলোর সঙ্গে বিভিন্ন বিষয়ে সমঝোতায় বিটিআরসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাছাড়া আপনজন দেশব্যাপী কার্যক্রম পরিচালনায় সরকারের মাঠ পর্যায়ের কর্মী, স্বাস্থ্য কেন্দ্র এবং উপজেলা অফিসগুলো থেকে সহায়তা লাভ করছে।



সকলের সমস্বয়ে আপনজনের উপদেষ্টা পরিষদ (Advisory Board) গঠনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় অগ্রণী ভূমিকা পালন করে। তাছাড়া আপনজনের স্বাস্থ্যতথ্যগুলো নির্মাণের সময় মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক বিশেষজ্ঞ মন্ডলীর

বিটিভি এবং বেতারে আপনজন টিভি বিজ্ঞাপন ছাড়মূল্যে প্রচারে মন্ত্রণালয়ের সহায়তা পেয়েছে। সরকার আপনজন সেবাটিকে দেশের সব মানুষের কাছে পৌঁছে দেবার জন্য মিডিয়া এবং স্বাস্থ্য সম্মেলনগুলোতে সহায়তা করছে।

মোবাইল ফোনের মাধ্যমে গর্ভবতী ও নতুন মায়াদের স্বাস্থ্য-পরামর্শ সেবা
রেজিস্ট্রেশন করতে কল করুন ১৬২২৭-এ

কর্মযজ্ঞ আপনজন টিম

আপনজন টিভি বিজ্ঞাপন শ্যুটিং



জাতীয় পর্যায়
কার্যক্রমের
একটি অংশ হল বিভিন্ন মিডিয়াতে
আপনজন সেবা সম্পর্কে জানানো।
অক্টোবরেই আপনজন টিম প্রথম
টিভি বিজ্ঞাপনটি শ্যুট করতে চলে
যায় দিনাজপুর। এখানে বিজ্ঞাপনটি
নির্দেশনা ও ধারণ করেছে বিজ্ঞাপন
নির্মাতা সংস্থা থ্রে এডভার্টাইজিং
কোম্পানী।

শ্যুটিং এর আগেই টিভি বিজ্ঞাপনটির
স্ক্রিপ্ট এবং অডিও ভিসুয়াল
দুইটির গ্রহণযোগ্যতা পরীক্ষা করে
দেখা হয় কিছু অঞ্চলে। স্ক্রিপ্টে
উপর্যুপরি পরিবর্তন এনে তা আরো
গ্রহণযোগ্য করে তোলা হয়।



www.aponjon.com.bd/sponsor-mother

দিনাজপুরে শ্যুটিং হয় গ্রাম-বাংলার চিরাচরিত পটভূমিতে। প্রতিদিন শ্যুটিং চলে ভোর থেকে রাত পর্যন্ত। প্রতিটি দৃশ্যকে ধারণ করা হয় বিভিন্ন দিক থেকে, সঠিক দৃশ্য ধারণ করতে না পারলে পরিচালক ছুটি দিচ্ছিলেন না কাউকেই। বিজ্ঞাপনের কুশীলবেরাও যেন একাত্ম হয়ে গিয়েছিলেন আপনজনের মূলমন্ত্রের সাথে। আপনজন টিমও পুরো সময় ধরে শ্যুটিং-এ ছিলেন এবং প্রয়োজনমত সহায়তা করছিলেন।

১৮ ডিসেম্বর, ২০১২ আপনজনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত দর্শকবৃন্দকে প্রথম দেখানো হয় টিভি বিজ্ঞাপন দুটি। বিজ্ঞাপন দুটি জানুয়ারী মাসে প্রদর্শিত হবে বিটিভিসহ বিভিন্ন চ্যানেল।



ফিরে দেখা



সবে পরীক্ষামূলক কার্যক্রম শেষ হয়েছে। সামনে জাতীয় পর্যায়ে কার্যক্রমের বিশাল কর্মযজ্ঞ। মামা বাংলাদেশ টিম এসুযোগে ৭-৯ অক্টোবর নিজেদের গুছিয়ে নিতে সাভারে ব্র্যাক সিডিএম-এ তিন দিনের রিট্রিট করে এলেন। তিন দিনের এ রিট্রিট-এ টিমের সদস্যরা আগামী বছরের পরিকল্পনা, বাজেট, বিভিন্ন উদ্যোগ গুলো ঝালিয়ে নিলেন ভাল করে। জাতীয় পর্যায়ে কাজগুলো নিয়ে রাখা হয়েছিল প্রশ্ন-উত্তর এবং “মাথা ঘামানো” পর্ব, এতে অংশ গ্রহণ করে টিমের সদস্যরা নিজেদের ভুল-ভ্রান্তি চিহ্নিত করে নিচ্ছিলেন, দিচ্ছিলেন নতুন নতুন ধারণা। রিট্রিট শেষে পুরো টিম ফিরে এল আত্মবিশ্বাস আর নতুন উদ্যম নিয়ে।

মোবাইল ফোনের মাধ্যমে গর্ভবতী ও নতুন মায়ের স্বাস্থ্য-পরামর্শ সেবা
রেজিস্ট্রেশন করতে কল করুন ১৬২২৭-এ

বহিরাঙ্গনে আপনজন

mHealth সম্মেলন ২০১২



ডিসেম্বরের ৩-৫ তারিখ যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে অনুষ্ঠিত হয় এম-হেলথ সম্মেলন ২০১২। আপনজন প্রতিনিধিবৃন্দ এ সম্মেলনে যোগদান করেন এবং উপস্থিত ৪০০০ এম হেলথ বিশেষজ্ঞ ও আগ্রহীদের কাছে তুলে ধরেন আপনজনের পরীক্ষামূলক কার্যক্রম হতে শেখা গবেষণালব্ধ অভিজ্ঞতা এবং সেবাটিকে স্বয়ংসম্পূর্ণ করার জন্য ব্যবসায়িক পরিকল্পনা।

আপনজনের কণ্ঠবর্তা এবং এস এম এস প্রদানের পদ্ধতিটি পছন্দ করেছে উন্নয়নশীল দেশে কর্মরত এম হেলথ বিশেষজ্ঞগণ। তাছাড়া মাঠপর্যায়ে স্বাস্থ্যকর্মীবৃন্দকে সম্পৃক্ত করে প্রত্যন্ত অঞ্চলের গর্ভবতী ও মায়াদের নিবন্ধনের পদ্ধতিটিও যথেষ্ট প্রশংসা কুড়ায়। এরূপ সেবা নিজেদের দেশে প্রণয়নের জন্য এম হেলথ বিশেষজ্ঞরা আপনজনের সহায়তা কামনা করেন।

ডিজিটাল ওয়ার্ল্ড ২০১২



প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক্সেস টু ইনফর্মেশন প্রকল্প, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজন করে ডিজিটাল ওয়ার্ল্ড ২০১২। আপনজন সেবার বিভিন্ন দিক তুলে ধরে প্রদর্শনীর স্টলে। তাছাড়া সেখানে ৭ ডিসেম্বর আপনজন আয়োজন করে “টেকিং এম-হেলথ টু স্কেল; হোয়াট ম্যাটার্স” নামক আলোচনা অনুষ্ঠান। এখানে আলোচিত হয় এম-হেলথ সেবার

বিভিন্ন চ্যালেঞ্জ সম্পর্কে। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব হুমায়ূন কবীর, আলোচনা পরিচালনা করেন ব্র্যাক ও হেলথের ডিরেক্টর ডাঃ কাওসার আফসানা এবং মূল বক্তব্য উপস্থাপন করেন ডিনেটের পরিচালক শামারুখ আলম ও এম-পাওয়ার হেলথের পরিচালক মৃদুল চৌধুরী।

www.aponjon.com.bd/sponsor-mother

আপনজন অভিজ্ঞতা

মমতাজ বেগম এক অসাধারণ মাঠকর্মী

মমতাজ বেগম (৩৮) বরগুনা জেলার লাকুরটালা গ্রামের অধিবাসী। তাঁর শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী। ২০০১ সাল হতে তিনি মা ও শিশু স্বাস্থ্যের জন্য নিজ এলাকায় কাজ করছেন। বর্তমানে তিনি কালিকাপুর যুব সংসদের আওতায় সূর্যের হাসি ক্লিনিকে “ক্লিনিক এইড” হিসেবে কাজ করছেন। ২০১২ সালের ১৮ জুলাই নাগাদ তিনি আপনজন সেবার প্রশিক্ষণ নেন। প্রতি মাসে তাঁকে যা লক্ষ্যমাত্রা দেয়া হয় তিনি তার দশগুণ গ্রাহক নিবন্ধন করেন। ইতোমধ্যে তিনি ৬৩০ জন গর্ভবতী নারী ও শিশুর মাকে আপনজন সেবায় নিবন্ধন করেছেন। প্রতিদিন বিকেলে তিনি সূর্যের হাসির নিকটবর্তী অপর একটি ক্লিনিকে যান এবং সেখানে অপেক্ষমান নারী ও তাদের অভিভাবকদেরকে আপনজন সম্পর্কে অবহিত করেন এবং সেখানেই তাঁদেরকে নিবন্ধন করেন।

শুধু তাই নয়, নতুন মায়েদের এ সেবায় অন্তর্ভুক্ত করার জন্য তিনি ক্লিনিকে সদ্য ডেলিভারী হয়েছে এমন অভিভাবকদের কাছে এ সেবার গুরুত্ব তুলে ধরেন এবং প্রসূতি ও অভিভাবককে নিবন্ধন করেন।



মমতাজ বেগম বলেন,

“আপনজনের কথা মানুষকে জানাতে আমার খুব ভাল লাগে, আমি মনে করি মা ও শিশুর জন্য এ সেবাটির যথেষ্ট দরকার আছে।”

মমতাজ বেগমের নিরলস এ কর্মে মুগ্ধ হয়েছে আপনজন পরিবার। এমন কর্মবীর, নিবেদিত প্রাণ মাঠকর্মীবৃন্দের অনুপ্রেরণা হয়ে থাকবে অন্যদের কাছে, এমনকি আপনজন টিমের কাছে।

কমিউনিটি এজেন্টদের জন্য পুরস্কার

মাঠকর্মীবৃন্দ বাড়ি বাড়ি ঘুরে কিংবা আপনজন সেবায়। তাঁদের এ অবদানের কাছে এ পুরস্কার পৌঁছে দিচ্ছে ডাচ বাংলা হাসপাতালে বা ফার্মেসীতে তাঁদের স্বীকৃতিস্বরূপ প্রতি নিবন্ধনের জন্য আপনজন ব্যাংকের মোবাইল ব্যাংকিং। তাছাড়াও দৈনন্দিন কাজের পাশাপাশি গর্ভবতী মাঠকর্মীবৃন্দ পাচ্ছেন টকটাইম অথবা কোন মাঠকর্মী ১০০টি নিবন্ধন করলে তাঁর এবং প্রসূতি মায়েদের নিবন্ধন করেন নির্দিষ্ট আর্থিক প্রণোদনা। মাঠকর্মীবৃন্দের কাছে পৌঁছে যাবে বিশেষ উপহার।

আপনজন ম্যাসেজ: এখন আপনার গর্ভের ১৭ সপ্তাহ চলছে

আমি আপনার ডাক্তার আপা বলছি। পেটে বাচ্চা আসার পর নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করা খুবই দরকার। যদি বিশেষ কোনো শারীরিক সমস্যা নাও থাকে তবুও কমপক্ষে ৪ বার স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে। স্বাস্থ্য পরীক্ষা করলে আপনার

ও বাচ্চার স্বাস্থ্য কেমন আছে তা জানতে পারবেন। ডাক্তারও আপনাকে প্রয়োজনীয় পরামর্শ দিতে পারবেন। এর আগে যদি ধনুষ্ঠকারের ৫ ডোজ টিটি টিকা না নিয়ে থাকেন তবে অবশ্যই ১ ডোজ টিটি টিকা নিতে হবে।

মোবাইল ফোনের মাধ্যমে গর্ভবতী ও নতুন মায়েদের স্বাস্থ্য-পরামর্শ সেবা
রেজিস্ট্রেশন করতে কল করুন ১৬২২৭-এ

মাঠের কথা!

আপনজন গ্রাহকদের এক বিশাল অংশ নিবন্ধিত হন গ্রাম-গঞ্জে কর্মরত মাঠকর্মীবৃন্দের মাধ্যমে। এই মাঠকর্মীবৃন্দ হলেন সরকারী-বেসরকারী, দেশী-আন্তর্জাতিক সংস্থাসমূহের মাঠপর্যায়ের কর্মীরা। মাঠপর্যায়ে সহায়তা করছে আপনজনের সহযোগী সংস্থাসমূহ; ব্র্যাক, মামণি (সেভ দ্যা চিলড্রেন), সূর্যের হাসি, তথ্যকল্যাণী এবং সোশ্যাল মার্কেটিং কোম্পানী। পরীক্ষামূলক পর্যায়ে আপনজন তার কার্যক্রম সম্পন্ন করে ২০১২ সালের জুন মাস নাগাদ। এরপর শুরু হয় জাতীয় পর্যায়ে কার্যক্রমের প্রস্তুতি। অক্টোবর থেকে ডিসেম্বর মাসের মাঝে আপনজন টিম নেত্রকোণা, শেরপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, উত্তরা, চট্টগ্রাম, চাঁদপুর, মীরপুর (ভাসানটেক), খাগড়াছড়ি ও রাঙ্গামাটি এলাকায় ৪১৪ জন মাঠকর্মীবৃন্দের প্রশিক্ষণ দেন। মাঠপর্যায়ে সহায়তাকারী সংস্থাসমূহের মধ্য হতে দক্ষ ১৮ জন কর্মীর প্রশিক্ষণ হয় যাঁরা মাঠকর্মীবৃন্দের নিবন্ধনের কাজ



তদারকি করতে পারবেন। নতুন সহযোগী সংস্থাগুলোর মাঝে আপনজন পরীক্ষামূলকভাবে কাজ শুরু করবে ইউনিয়ন তথা সেবা কেন্দ্রের সাথে।



বু-স্টার কর্মশালা

১৯ ডিসেম্বর, ২০১২ সোশ্যাল মার্কেটিং কোম্পানী বগুড়ার নাজ গার্ডেন হোটেলে আয়োজন করেন একটি দিনব্যাপী কর্মশালা যেখানে ৩৫০ জন বু-স্টার কর্মী উপস্থিত ছিলেন। উক্ত কর্মশালায় আপনজন টিম সেবাটির বিভিন্ন দিক এবং নিবন্ধন প্রক্রিয়া তুলে ধরেন যা উপস্থিত বু-স্টারবৃন্দের মাঝে গভীর আগ্রহের সৃষ্টি করে। তাঁরা আপনজনকে তাঁদের এলাকায় ছড়িয়ে দিতে প্রয়োজনীয় প্রশিক্ষণ নিতে আগ্রহী হন। বু-স্টার কর্মীদের মাধ্যমে আপনজন বিভিন্ন এলাকায় গর্ভবতী নারী ও মায়েদের নিবন্ধিত করতে পারবে।


www.aponjon.com.bd/sponsor-mother

বর্তমানে আপনজন সেবা


আপনজন গ্রাহক ১০,০০০!

২০১২ সালের ডিসেম্বর মাস নাগাদ বিভিন্ন সহযোগী প্রতিষ্ঠানের মাঠকর্মীর মাধ্যমে আপনজন নিবন্ধন করে ১০ হাজারেরও বেশী গর্ভবতী নারী ও মাকে। পাশাপাশি ২ হাজারেরও বেশি অভিভাবক সপ্তাহে ১টি করে স্বাস্থ্যতথ্য পাচ্ছেন। দারিদ্রসীমার নীচে বাস করছেন এমন শতকরা ২২ জন নারী বর্তমানে সেবাটি বিনামূল্যে পাচ্ছেন। বর্তমানে গ্রামীণ ফোন, রবি, বাংলালিংক এবং এয়ারটেল থেকে নিবন্ধন করা যাচ্ছে এ সেবায়। গ্রাহক নিবন্ধনে সহায়তা করেছে আপনজনের সহযোগী সংস্থাসমূহ; ব্র্যাক, মামনি (সেভ দ্যা চিলড্রেন), সূর্যের হাসি, তথ্যকল্যাণী এবং সোশ্যাল মার্কেটিং কোম্পানী।


‘আপনজন’ গ্রাহকের মোবাইল ফোন ভিত্তিক অবস্থান



আপনজন গ্রাহক নিবন্ধনধারা (অক্টোবর- ডিসেম্বর ২০১২)



‘আপনজন’ উপস্থিতি



মোবাইল অ্যালায়েন্স ফর মেটারনাল অ্যাকশন (মামা)

বাংলাদেশ অফিস:

কোহিনুর টাওয়ার ২, লেভেল ৪, হাউজ এসডব্লিউ (ই) ৭
রোড ৭, গুলশান ১, ঢাকা ১২১২, বাংলাদেশ

ডিনেট (হেড অফিস):

৬/৮ হুমায়ুন রোড, মোহাম্মদপুর ব্লক বি
ঢাকা ১২০৭, বাংলাদেশ



মোবাইল ফোনের মাধ্যমে গর্ভবতী ও নতুন মায়ের স্বাস্থ্য-পরামর্শ সেবা
রেজিস্ট্রেশন করতে কল করুন ১৬২২৭-এ

Global Partners



USAID
USAID

Johnson & Johnson

UNITED NATIONS
FOUNDATION

mHealth Alliance

babycenter

National Partners



Ministry of Health & Family Welfare

Outreach Partners

brac



MCHIP Maternal and Child Health
Integrated Program



Smiling Sun Franchise Program



Corporate Founding Partner

**BEXIMCO
PHARMA**

Corporate Partner



Retail Partner



a **MAMA** initiative
Mobile Alliance for Maternal Action

Implemented by **dnet**

The contents of this newsletter do not necessarily reflect the views of USAID or the United States Government.